# প্রিমিয়ার ইউনিভার্সিটি

বুলেটিন

প্রতিষ্ঠাতা: আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী

ডিসেম্বর ২০১৯, ৪র্থ সংখ্যা


### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান বিজয় দিবস উদ্‌যাপন

## স্বাধীনতার জন্য এত লোকের আত্মদানের নজির পৃথিবীতে আর নেই

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, শতাব্দীর পর শতাব্দী বাঙালিরা পরাধীন ছিল। ইংরেজরা প্রায় ১৯০ বছর এদেশকে পরাধীন করেছিল, শোষণ করেছিল। তারা ১৭৫৭ সালে এদেশকে দখল করার পর মাত্র তিন বছরের মধ্যে তৎকালীন ৫০০ কোটি পাউন্ডের সম্পদ এদেশ থেকে পাচার করেছিল ইংল্যান্ডে। ইংরেজদের পরে এদেশকে পরাধীন করে পশ্চিম পাকিস্তান। তারা ২৩ বছর এদেশকে শোষণ করে। এদেশের টাকায় সেখানে নির্মিত হয় তারবেলা বাঁধ; গড়ে উঠে করাচি, রাওয়ালপিণ্ডি ও ইসলামাবাদ। বস্তুত বাঙালির এই পরাধীনতার ইতিহাস বড়ই করুণ। ১৬ ডিসেম্বর ২০১৯, জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় শহীদ মিনারে মহান বিজয় দিবস উপলক্ষে ইউনিভার্সিটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর প্রাক্কালে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানই এদেশ ও এদেশের মানুষকে এই পরাধীনতা থেকে, এই শোষণ থেকে মুক্তি দেন। তিনি উল্লেখ করেন, একাত্তরের মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ বাঙালি শহিদ হয়, ২ লক্ষ মা-বোন সম্ভ্রম হারায়। বিশ্বের ইতিহাসে স্বাধীনতার জন্য এত আত্মদানের, এত সম্ভ্রমহানীর নজির আর নেই।



উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করার পরে ইউনিভার্সিটির কর্মকর্তা-কর্মচারী, গণিত বিভাগ, তড়িৎ প্রকৌশল বিভাগ, ইংরেজি বিভাগ, ব্যবসা- শিক্ষা অনুষদ, আইন অনুষদ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, স্থাপত্য বিভাগ, অর্থনীতি বিভাগ, সোস্যালজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, ইংরেজি বিভাগের প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন মঈনুল হক, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান প্রমুখ। এছাড়া আরও উপস্থিত ছিলেন চীফ ইঞ্জিনিয়ার ও উপাচার্যের উপদেষ্টা মো. আবু তাহের, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম এবং ডেপুটি লাইব্রেরিয়ান কাউসার আলম প্রমুখ।

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের 'লাইন ফলোয়ার রোবট' শীর্ষক কর্মশালা

## হাতে-কলমে লাইন ফলোয়ার রোবট বানাতে শিখলো প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীরা

১৮ সেপ্টেম্বর ২০১৯, প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে ইউনিভার্সিটির ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে 'লাইন ফলোয়ার রোবট' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৬০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। তারা ১০ গ্রুপে ভাগ হয়ে এই কর্মশালার মাধ্যমে হাতে-কলমে লাইন ফলোয়ার রোবট তৈরি করতে শেখে। লাইন ফলোয়ার রোবট মূলত রোবটিক্স জগতের বেসিক রোবট। এই রোবট তৈরি করতে শেখার মাধ্যমে উক্ত শিক্ষার্থীরা তথ্য-প্রযুক্তি তথা রোবটিক্সে তাদের ভবিষ্যত গঠনের ক্ষেত্রে প্রাথমিক ধাপ সাফল্যের সাথে সম্পন্ন করলো।



কর্মশালায় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, প্রভাষক সরিৎ ধর, প্রভাষক রাহুল চৌধুরী, প্রভাষক সুমনা সেন, প্রভাষক মিনহাজ রাহাত, প্রভাষক সানজিদা তুনাজ, পিইউসি রোবটিক্স কাবের সভাপতি শামসুল আরেফীন রাজিত ও আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চের চেয়ারম্যান রনি চৌধুরী। প্রফেসর ড. তৌফিক সাঈদ কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বর্তমান তথ্য-প্রযুক্তির যুগে নিজেকে যুগের সাথে তাল মিলিয়ে নিতে হলে নতুন নতুন প্রযুক্তির সাথে নিজেকে পরিচিত করতে হবে। আজ থেকে ২০ বছর আগেও বাংলাদেশের পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের কথা কেউ কল্পনা করতে পারেনি। বর্তমান সরকারের সঠিক ও যুগোপযোগী পদক্ষেপের মাধ্যমে বাংলাদেশের রূপপুরে তৈরি হচ্ছে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র। সেই সাথে বেশ কয়েকটি হাইটেক পার্ক নির্মাণ-কাজ শেষের পথে। তোমরা যারা শিক্ষার্থী তাদের জন্য অনেক কর্মক্ষেত্র তৈরি হচ্ছে। নিজেদেরকে জ্ঞানের ভাণ্ডারে সমৃদ্ধ করে প্রস্তুত করতে হবে কর্ম ক্ষেত্রের জন্য। আমি আশা করি, এই কর্মশালায় অংশগ্রহণ তোমাদের অনেক সামনের দিকে এগিয়ে নেবে। কর্মশালা পরিচালনা করেন ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না ও প্রভাষক রাফি ইসলাম আলভী। কর্মশালা শেষে এতে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের সনদ বিতরণ করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বোর্ড অব ট্রাস্টিজের সভা

২৬ অক্টোবর ২০১৯, প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বোর্ড অব ট্রাস্ট্রিজের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য



প্রফেসর ড. অনুপম সেন, ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, বাংলাদেশের খ্যাতিমান নাট্যব্যক্তিত্ব ও একুশে পদকপ্রাপ্ত জনাব নাসির উদ্দিন ইউসুফ, মিসেস হাসিনা মহিউদ্দিন, জনাব রেমন্ড আরেং, জনাব বোরহানুল হাসান চৌধুরী সালেহিন, জনাব অরুণ দাশগুপ্ত ও মিসেস সাবিহা মুসা। প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমানও সভায় উপস্থিত ছিলেন।

সভায় বিগত ৩০ মে ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ট্রাস্টিজের সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়, প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বহুতল ভবন দ্রুত নির্মাণের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়, বিগত ২১ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রিমিয়ার ইউনিভার্সিটির ২য় কনভোকেশনের আয়-ব্যয় হিসাব অনুমোদন করা হয় এবং প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বিভিন্ন ধর্মাবলম্বীদের জন্য প্রার্থনা কক্ষ অতি দ্রুত সময়ের মধ্যে উদ্বোধনের পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনের পশ্চাতের অংশ জলাবদ্ধতা নিরসনে সিডিএ-কে সহযোগিতা করতে ভেঙে ফেলায় তা পুনঃসংস্কার প্রসঙ্গে আলোচনা হয়। উল্লেখ্য, এই সভার সঙ্গে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা উপমন্ত্রী ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত ছিলেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের সেমিনার ক্যালেন্ডার প্রকাশ

জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে ইংরেজি বিভাগের সেমিনার ক্যালেন্ডার সম্প্রতি প্রকাশিত হয়েছে। আগামী অর্ধ বর্ষ (সেপ্টেম্বর '১৯-ফেব্রুয়ারি '২০) নির্ধারিত দিনগুলোতে বিভাগের শিক্ষকগণ ইংরেজি ভাষা ও সাহিত্য সংশ্লিষ্ট ধ্রুপদী ও সমকালীন নানা বিষয়ে তাঁদের ১৪টি গবেষণাপত্র উপস্থাপন করবেন। উক্ত সেমিনার একাডেমিশিয়ান ছাড়াও এ বিষয়ে আগ্রহী ব্যক্তিদের জন্য উন্মুক্ত থাকবে। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের আগ্রহী গবেষকদের তাঁদের প্রবন্ধ উপস্থাপন করার ব্যাপারে বিভাগের সভাপতির সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে। সেমিনার তারিখগুলো হচ্ছে ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বর, ২৩ অক্টোবর, ৩০ ডিসেম্বর এবং ২০২০ সালের ২৬ ফেব্রুয়ারি।



## নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০১৯ প্রতিযোগিতায় রানার আপ প্রিমিয়ার ইউনিভার্সিটি

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) কর্তৃক বেসিস স্টুডেন্টস ফোরামের সহযোগিতায় টানা পঞ্চমবারের মতো আয়োজিত নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০১৯ প্রতিযোগিতায় নির্বাচিত ৪৫টি প্রকল্প নিয়ে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স-বাংলাদেশে সম্প্রতি দুইদিন ব্যাপী যে-হ্যাকাথন অনুষ্ঠিত হয়, তাতে চট্টগ্রাম বিভাগ থেকে রানার আপ হয়েছে প্রিমিয়ার ইউনিভার্সিটির সিনটেক্স অ্যারর টিম। এই টিমের সদস্যরা হলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী অভিষেক ধর, শুভ কর্মকার, সুস্ময় সেন গুপ্ত ও রিদওয়ান তাসমিয়াহ। তাঁরা বিষাক্ত মাটি থেকে অক্সিজেন উৎপাদন করে পরিবেশে কার্বন ও অক্সিজেনের ভারসাম্য রক্ষার আইডিয়া দেন। নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০১৯ প্রতিযোগিতায় এবার দেশের ৯টি শহর থেকে ৪ হাজারেরও বেশি প্রতিযোগী ৯০০০ প্রকল্প নিয়ে অংশ নেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির সিনটেক্স অ্যারর টিমসহ দু'টি টিম তাদের আইডিয়া নাসা স্পেসের ওপেন ডাটাবেজে জমা দেয়। উল্লিখিত প্রতিযোগিতায় রানার আপ হওয়া সিনটেক্স অ্যারর টিম ২৮ অক্টোবর ২০১৯, প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে উপাচার্য কার্যালয়ে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হয়। এসময় প্রফেসর ড. অনুপম সেন বলেন, 'বিজ্ঞান ও প্রযুক্তিতে সৃজনশীলতাই মুখ্য। সিনটেক্স অ্যারর টিমের আইডিয়াটি এই সৃজনশীলতারই অংশ। বিজ্ঞান ও প্রযুক্তিকে কাজে লাগিয়ে মাটি থেকে অক্সিজেন তৈরির যে প্রক্রিয়াটি তারা দিল, তা অদূর ভবিষ্যতে শুধু পৃথিবী নয়, মঙ্গলের মত গ্রহেও কাজ দিবে; অক্সিজেনের ভারসাম্য রক্ষায় ভূমিকা রাখবে'। নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০১৯ প্রতিযোগিতায় চট্টগ্রাম বিভাগ থেকে রানার আপ হওয়ার জন্য তিনি সিনটেক্স অ্যারর টিমকে অকুণ্ঠ ধন্যবাদ জানান। এসময় উপস্থিত ছিলেন প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মিনহাজ হোসাইন প্রমুখ। তাঁরা উল্লেখ করেন, সিনটেক্স অ্যারর টিমের প্রকল্পটি নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জের গ্লোবাল নমিনি হিসেবে বিবেচিত হয়েছে।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিকে আইন সংক্রান্ত প্রচুর দুর্লভ বই উপহার

প্রিমিয়ার ইউনিভার্সিটিকে আইন সংক্রান্ত প্রচুর দুর্লভ বই উপহার দিয়েছেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সরকারের শিল্প ও প্রতিরক্ষা প্রতিমন্ত্রী, একাত্তরের মুক্তিযুদ্ধকালীন মুক্তিযোদ্ধা ১ নং প্রশাসনিক জোনের চেয়ারম্যান, বাংলাদেশের সংবিধান প্রণেতা কমিটির



অন্যতম সদস্য এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবী মরহুম অধ্যাপক নূরুল ইসলাম চৌধুরীর পরিবার। ১৭ অক্টোবর ২০১৯, প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে এই উপহার গ্রহণ করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। মরহুম অধ্যাপক নূরুল ইসলাম চৌধুরীর পরিবারের পক্ষ থেকে বইসমূহ প্রদান করেন নূরুল ইসলাম চৌধুরীর সুযোগ্য পুত্র ডা. মইনুল ইসলাম চৌধুরী ও ভ্রাতুষ্পুত্র মনিরুল ইসলাম। বই গ্রহণকালে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, 'অধ্যাপক নূরুল ইসলাম চৌধুরী কেবলমাত্র একজন বিশিষ্ট আইনজীবী এবং রাজনীতিবিদই ছিলেন না, তিনি ছিলেন বঙ্গবন্ধুর স্বাধীনতা আন্দোলনের অন্যতম সৈনিক। এটা স্বাভাবিক যে, তিনি তাঁর কর্মজীবনে যে-নিজস্ব লাইব্রেরি গড়ে তুলেছিলেন, সেখানে বহু মূল্যবান বই থাকবে। এইসব মূল্যবান বইয়ের একটি অংশ, যা রক্ষা পেয়েছে, তা উত্তর প্রজন্মের জ্ঞান অর্জনের পাথেয় হিসেবে কাজ করবে'। অধ্যাপক ও আইনজীবী নূরুল ইসলাম চৌধুরীর মূল্যবান বইগুলো প্রিমিয়ার ইউনিভার্সিটিকে প্রদান করার জন্য তাঁর পুত্র ডা. মইনুল ইসলাম চৌধুরী ও তাঁর পরিবারবর্গকে প্রফেসর ড. অনুপম সেন অকুণ্ঠ ধন্যবাদ জ্ঞাপন করেন। ড. অনুপম সেন আরও বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি এই বইগুলো যত্নসহকারে রক্ষা করবে। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান, ডেপুটি লাইব্রেরিয়ান কাউছার আলম এবং সহকারী রেজিস্ট্রার আকলিমা আকতার আঁখি প্রমুখ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের সাহিত্য সেমিনার

৩০ সেপ্টেম্বর ২০১৯, জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে ১০৭ নম্বর মিলনায়তনে এই ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান আলোচক ছিলেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য, প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন এবং ইংরেজি বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. মোহীত উল আলম, বিশেষ আলোচক ছিলেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক শাহনাজ পারভিন এবং প্রভাষক শান্তনু দাশ। সেমিনারে 'অল্টারনেটিভ এসেসমেন্ট এন্ড ইটস ইম্পলিমেন্টেশন ইন দ্য এসেসমেন্ট প্রসিডিওর অব ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারেচার প্রোগ্রামস অব বাংলাদেশি ইউনিভার্সিটিস' শিরোনামে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক গাজী শাহাদাত হোসাইন ও সহকারী অধ্যাপক আবদুর রহিম এবং 'এ ফেমিনিস্ট এপ্রাইসাল অব উইলিয়াম শেক্সপিয়ার'স দ্য টেমিং অব দ্য শ্রু' শিরোনামে প্রভাষক জয়নব তাবাসসুম বানু সোনালী দু'টি প্রবন্ধ উপস্থাপন করেন। গাজী শাহাদাত হোসাইন ও আবদুর রহিমের প্রবন্ধে গতানুগতিক এসেসমেন্টের ব্যর্থতা ও অপারগতা উল্লেখ করে কিছু




বিকল্প ধারার এসেসমেন্ট পদ্ধতির কথা তুলে ধরা হয়। আলোচিত পদ্ধতিসমূহের যথার্থ বাস্তবায়ন শিক্ষক এবং শিক্ষার্থী উভয়পক্ষের জন্যই লাভজনক হবে বলেও প্রবন্ধটি উল্লেখ করা হয়। জয়নব তাবাসসুম বানু সোনালীর প্রবন্ধে বিশ্বের সর্বশ্রেষ্ঠ নাট্যকার শেক্সপিয়রের নারীবাদকে ফুটিয়ে তোলা হয়েছে। তাঁর মতে, এই প্রবন্ধে উল্লেখিত নাটকে শেক্সপিয়ার একজন মুখরা রমণীর বশীকরণের মাধ্যমে তৎকালীন এলিজবেথান সমাজের পুরুষতন্ত্রের কট্টর সমালোচনা করেছেন। প্রধান আলোচক অধ্যাপক ড. মোহীত উল আলম এই দু'টি প্রবন্ধ নিয়ে গুরুত্বপূর্ণ আলোকপাত করেন। তাঁর বক্তব্যে এসেসমেন্ট এবং শেক্সপিয়রের নাটক তথা ভাষা ও সাহিত্য দু'টোই চমৎকারভাবে উঠে এসেছে। সহকারী অধ্যাপক মোহাম্মদ সোলাইমান চৌধুরীর সঞ্চালনায় ইংরেজি ভাষা ও সাহিত্য সংশ্লিষ্ট ধ্রুপদী ও সমকালীন বিভিন্ন বিষয় ভিত্তিক এই সেমিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ছাত্রছাত্রী ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

## জাপানের কিয়ুশু ইউনিভার্সিটি ও প্রিমিয়ার ইউনিভার্সিটির যৌথভাবে চট্টগ্রামের ঐতিহাসিক স্থাপনা পরিদর্শন

জাপানের কিয়ুশু ইউনিভার্সিটির ডিজাইন স্কুল ও প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগ যৌথভাবে চট্টগ্রামের বহু ঐতিহাসিক স্থাপনা পরিদর্শন করেছে ০৭-১১ সেপ্টেম্বর ২০১৯, ৫ দিন ব্যাপী। এসব স্থাপনার মধ্যে মহসিন কলেজের পর্তুগিজ ভবন, চট্টগ্রামের জেলা জজের বাসভবন, চট্টগ্রাম কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কলেজের রেড বিল্ডিং, বাংলাদেশ রেলওয়ে-চট্টগ্রামের সিআরবি, জিএম বাংলো, চীফ কমার্শিয়াল ম্যানেজারের ক্লেইমস অফিস এবং চট্টগ্রাম সার্কিট



হাউজ প্রভৃতি উল্লেখযোগ্য। বস্তুত চট্টগ্রাম শহরের ঐতিহাসিক স্থাপনাগুলো এখন কী অবস্থায় আছে, যেগুলো টিকে আছে সেগুলো কিভাবে সংরক্ষণ করা যাবে, সেই বিষয়ে গবেষণার উদ্দেশ্যে উভয় ইউনিভার্সিটি এই পরিদর্শন করে। পরিদর্শনে জাপানের কিয়ুশু ইউনিভার্সিটির ডিজাইন স্কুলের পক্ষ থেকে সহযোগী অধ্যাপক টমো ইনয়ি, শিক্ষার্থী মানাবে, হারাটাকে ও ওয়াটানাবে প্রমুখ উপস্থিত ছিলেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের পক্ষ থেকে পরিদর্শনে উপস্থিত ছিলেন বিভাগের চেয়ারম্যান বিশিষ্ট স্থপতি সোহেল এম শাকুর, সর্বস্থপতি ফয়সাল হুদা, কুহেলী চৌধুরী, ওবাইদুল হক, প্রিনিয়া আব্বাসি খানম, আলী আকবর রাজন, মেহেনাজ হাসান প্রমুখ শিক্ষকবৃন্দ এবং বেশ কয়েকজন সিনিয়র শিক্ষার্থী।

# প্রিমিয়ার ইউনিভার্সিটি বুলেটিন

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের 'ডিজিটাল হিউম্যানিটিজ' শীর্ষক দু'দিন ব্যাপি আন্তর্জাতিক কর্মশালা

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, মানবিক ইতিহাস অত্যন্ত গুরুত্বপূর্ণ, যদি সঠিকভাবে সংরক্ষণ করা যায়। আমরা আজ সক্রেটিস, প্লেটো বা অ্যারিস্টটল পড়ছি, যা এক ধরনের আর্কাইভিং-এর ফসল। আমাদের ইতিহাস থেকে আমরা অনেককিছু




হারিয়েছি সংরক্ষণের অভাবে। ডিজিটাল হিউম্যানিটিজ যদি সঠিক সংরক্ষণ প্রক্রিয়াকে কার্যকর করে, তবে ডিজিটাল হিউম্যানিটি যথাযথ হবে। জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে এই ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের উদ্যোগে 'ডিজিটাল হিউম্যানিটিজ' শীর্ষক দু'দিন ব্যাপি আন্তর্জাতিক কর্মশালার প্রথম দিনে ১২ অক্টোবর ২০১৯, প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে এই কর্মশালায় অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রফেসর ড. সৈয়দ মঞ্জুরুল ইসলাম ও প্রফেসর ড. ফখরুল আলম এবং সাউথ এশিয়ান ফাউন্ডেশন ফর একাডেমিক রিসার্চ-নেপালের ডিরেক্টর প্রফেসর ড. সঙ্গিতা রায়ামাঝি। কি-নোট স্পিকার ছিলেন ইনস্টিটিউট অব অ্যাডভান্সড কমিউনিকেশন, এডুকেশন এন্ড রিসার্চের প্রিন্সিপাল প্রফেসর ড. অরুণ গুপ্ত। প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. সোলাইমান চৌধুরীর সঞ্চালনায় কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান।

১৩ অক্টোবর ২০১৯, ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করে শিক্ষা ও গবেষণাকে বিশ্বায়ন ও বিশেষায়িত করার উদ্দেশ্যে অনুষ্ঠিত এই আন্তর্জাতিক কর্মশালার দ্বিতীয় দিনে ইনট্রুডাকশন টু ওয়েভসাইট ব্লগিং, লোকাল প্রজেক্ট ডেভেলপমেন্ট ইন ডিজিটাল হিউম্যানিটিজ প্রভৃতি বিষয়ে কর্মশালায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে আলোচনা করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সাবেক মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরীর ২য় মৃত্যুবার্ষিকী পালন

### এবিএম মহিউদ্দিন চৌধুরী ছিলেন বঙ্গবন্ধুর আদর্শে উদ্বুদ্ধ একজন সৈনিক: ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোক্তা, সাবেক মেয়র, বীর মুক্তিযোদ্ধা ও চট্টলবীর আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরীর ২য় মৃত্যুবার্ষিকী উপলক্ষে তাঁর কবরে পুষ্পমাল্য অর্পণ করেছেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। ১৫ ডিসেম্বর ২০১৯, এই পুষ্পমাল্য অর্পণকালে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, চীফ ইঞ্জিনিয়ার ও উপাচার্যের উপদেষ্টা মো. আবু তাহের, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম ও স্থপতি শহিদুল হক প্রমুখ। এছাড়া আরও উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন মঈনুল হক, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক শাহিদ মো. আসিফ ইকবাল, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানসহ অন্যান্য শিক্ষক-কর্মকর্তা-কর্মচারিবৃন্দ। এসময় প্রফেসর ড. অনুপম সেন বলেন, ছাত্রজীবন থেকেই আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী ছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে উদ্বুদ্ধ একজন সৈনিক। বঙ্গবন্ধু যখন চট্টগ্রামের লালদিঘির মাঠে ছয় দফা ঘোষণা করেন তখন তাঁর পাশে জহুর আহমদ চৌধুরী ও এম এ আজিজের সাথে তিনিও ছিলেন। বঙ্গবন্ধুর ডাকে সাড়া দিয়ে তিনি ১৯৭১ সালের মুক্তিযুদ্ধেও ঝাঁপিয়ে পড়েন। স্বাধীনতা-উত্তর-কালেও তিনি বঙ্গবন্ধুর আদর্শকে হৃদয়ে ধারণ করে তাঁর রাজনৈতিক-কর্মজীবন শুরু করেন। এরপর থেকে মৃত্যুর আগ পর্যন্ত তিনি বঙ্গবন্ধুর আদর্শের রাজনীতিই করে গেছেন। তাঁর রাজনৈতিক জীবন পর্যালোচনা করলে দেখা যায়, তিনি মানবতাবাদী রাজনৈতিক নেতা হয়ে উঠেছিলেন। প্রফেসর ড. অনুপম সেন আরও বলেন, এবিএম মহিউদ্দিন চৌধুরীর মানবতাবাদী কর্মের বহু উদাহরণ দেয়া



যেতে পারে। ১৯৯১ সালের ঘূর্ণিঝড়ে ও জলোচ্ছ্বাসে বাঁশখালী, পতেঙ্গা তথা চট্টগ্রামে কয়েক লক্ষ লোক মারা গিয়েছিল। তখন মহিউদ্দিন চৌধুরী অসহায় মানুষের পাশে ছুটে যান। কাঁধে লাশ নিয়ে দাফন করেন। শুধু তা'ই নয়, তখন চট্টগ্রামের মুসলিম হলে আশ্রয় নেওয়া ডায়রিয়ায় আক্রান্ত অগণিত মানুষের জন্য তিনি সুচিকিৎসার ব্যবস্থা করেন, এমনকি নিজেও তাদের পাশে থেকে তাদের প্রত্যক্ষভাবে সেবা প্রদান করেন। এবিএম মহিউদ্দিন চৌধুরীর কবরে পুষ্পমাল্য অর্পণ করার পরে প্রফেসর ড. অনুপম সেনসহ উপস্থিত সকলে তাঁর পরিবারবর্গের সাথে সাক্ষাৎ করেন। উল্লেখ্য, এবিএম মহিউদ্দিন চৌধুরীর কবরে পুষ্পমাল্য অর্পণ করার পূর্বে নগরীর জিইসি মোড়ে এই ইউনিভার্সিটির কেন্দ্রীয় মসজিদে তাঁর আত্মার শান্তি কামনায় খতমে কোরান, মিলাদ, দোয়া মাহফিল ও মোনাজাত পরিচালনা করেন হাফেজ মুহাম্মদ মঈনুদ্দিন ও মাওলানা বোরহান উদ্দিন হোসাইনি।


# Premier University

## ADMISSION

### Admission Qualifications

Candidates with at least GPA 5 (having minimum GPA 2.5 or 2nd division in both SSC & HSC or in equivalent examinations) or total GPA 6, but score not less than GPA 2 in any individual examination, are eligible for admission to undergraduate programs. For admission to Masters' Programs candidates should have requirement of admission to Bachelor Degree Program as mentioned above and must also have at least GPA 2 in Degree Examinations. For E.M.B.A. one year's work experience will also be required.

### Undergraduate Programs

- B.B.A.
  (Accounting, Finance, Marketing, Management & H.R.M.)
- LL.B. (Honors)
- B.A. (Honors) in English
- B.Sc. in E.E.E.
- B.Sc. in C.S.E.
- Bachelor of Architecture
- B.S.S. (Honors) in Economics
- B.Sc. (Honors) in Mathematics
- B.Sc. (Honors) in Chemistry
- B.S.S. (Honors) in Sociology and Sustainable Development

### Graduate Programs

- M.B.A. (2 years)
  (Accounting, Finance, Marketing & H.R.M.)
- M.B.A. (1 year)
  (Accounting, Finance, Marketing, Management & H.R.M.)
- E.M.B.A. (Executive M.B.A.)
- M.S.S. in Economics (1 year)
  Banking & Finance, Development Studies
- M.A. in English (Major in E.L.T.)
- M.A. in English (E.L.L.)
- M.Sc. in Mathematics
- LL.M.
- CCNA (Exploration (CISCO Networking)
- IoT & Data Analytics (CISCO Networking)


Ladies Hostel

Well Furnished Hostel Accommodation Available for Female Students.


Faculty of Arts


Faculty of Business


Faculty of Law & Social Science


Faculty of Engineering & Science


Convocation Program


Administrative Building


উপদেষ্টা: প্রফেসর ড. অনুপম সেন, উপাচার্য, প্রিমিয়ার ইউনিভার্সিটি; সম্পাদক: অমল ভূষণ নাগ, অধ্যাপক, ব্যবসা-শিক্ষা অনুষদ; সহযোগী সম্পাদক: খুরশিদুর রহমান, রেজিস্ট্রার; সহকারী সম্পাদক: শামসুল আরেফীন, সহকারী জনসংযোগ কর্মকর্তা।
প্রকাশনায়: জনসংযোগ শাখা, প্রিমিয়ার ইউনিভার্সিটি, ১/এ, ও.আর. নিজাম রোড, প্রবর্তক মোড়, পাঁচলাইশ, চট্টগ্রাম। ফোন: +৮৮-০৩১-৬৫৬৬১২-১৪, ৬৫৬৯১৭, ৬৫৭৬৫৪, ই-মেইল: info@puc.ac.bd, ওয়েবসাইট : www.puc.ac.bd, www.facebook.com/PremierUniversityChittagong